

২০১৮

বাংলা

(স্নাতকোত্তর)

পাঠপর্ষায় — ১

Course No — BNG-101

পূর্ণমান : ৪০

সময় : ২ ঘন্টা

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রসঙ্গান নির্দেশক।

পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দেওয়া প্রয়োজন।

বিভাগ-ক

যেকোনো চারটি প্রশ্নের উত্তর দাও :

৪×২

- ১। ইংরেজি ভাষাটি ইন্দো-ইউরোপীয় ভাষা বংশের কোনগুচ্ছের কোন ভাষা থেকে উদ্ভূত হয়েছে?
- ২। ঋগ্বেদের কবিতায় যে প্রাচীন ভারতীয় আৰ্য ভাষা ব্যবহৃত হয়েছিল তা কী নামে পরিচিত? 'সাম' কথার অর্থ কী?

(Turn Over)

- ৩। শৌরসেনী প্রাকৃতের প্রচলন-ভূমি কোথায় ছিল? সংস্কৃত নাটকে কাদের সংলাপে শৌরসেনী প্রাকৃত ব্যবহৃত হতো?
- ৪। প্রতুলিপির প্রাকৃতের আঞ্চলিক রূপ কয়টি ও কী কী?
- ৫। ওড়িয়া ভাষার প্রথম গদ্য নিদর্শন কোন দুটি গ্রন্থে পাওয়া যায়?
- ৬। প্রাচীন বাংলা ভাষার একটি ধ্বনিতাত্ত্বিক ও একটি রূপতাত্ত্বিক বৈশিষ্ট্য লেখো।
- ৭। গ্রন্থিলিপি কাকে বলে? এই লিপির বৈশিষ্ট্য কী?
- ৮। বাংলা লিপির প্রাচীনতম নিদর্শন কোথায় পাওয়া গিয়েছে?

বিভাগ-খ

যেকোনো চারটি প্রশ্নের উত্তর দাও :

৪×৪

- ৯। গ্রীক ও ইতালীয় ভাষার দুটি করে ভাষাতাত্ত্বিক বৈশিষ্ট্য লেখো।
- ১০। বৈদিক সংস্কৃত ভাষার দুটি ধ্বনিতাত্ত্বিক ও দুটি রূপতাত্ত্বিক বৈশিষ্ট্য লেখো।
- ১১। মহারাষ্ট্রী প্রাকৃতের দুটি ধ্বনিতাত্ত্বিক বৈশিষ্ট্য লেখো। এই ভাষার নিদর্শন পাওয়া যায় এরকম দুটি বইয়ের নাম লেখো।

- ১২। অস্তরঙ্গ ও বহিরঙ্গ বর্ণের ভাষা বলতে কী বোঝ? প্রসঙ্গত নব্য ভারতীয় আৰ্যভাষার গৃহীত বর্ণীকরণের একটি লেখচিত্র অঙ্কন করো।
- ১৩। ওড়িয়া ও অসমীয়া ভাষায় একবচনকে বহুবচনে পরিণত করার পদ্ধতি কী? মৈথিলী ও ভোজপুরী ভাষার দুটি করে রূপতাত্ত্বিক বৈশিষ্ট্য লেখো।
- ১৪। ভাবলিপি ও চিত্র-প্রতীক লিপির সংক্ষিপ্ত পরিচয় দাও।
- ১৫। চিত্রলিপি ও ধ্বনিলিপির সংক্ষিপ্ত পরিচয় দাও।
- ১৬। প্রত্ন-প্রাকৃত বলতে কী বোঝ? চারটি প্রত্ন-প্রাকৃতের প্রাপ্তি-ক্ষেত্রের নাম লেখো। প্রত্ন-প্রাকৃতের একটি বৈশিষ্ট্য লেখো।

বিভাগ-গ

যেকোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ২×৮

- ১৭। কেদ্বমণ্ডচ্ছের যেকোনো দুটি ভাষা বর্ণ সম্পর্কে বিস্তৃত আলোচনা করো।
- ১৮। পালি ভাষার ভাষাতাত্ত্বিক বৈশিষ্ট্যগুলি লেখো। ভাষাটির অনুরূপ নামকরণের কারণ কী? ৫+৩

১৯। অসমীয়া ভাষাৰ আঞ্চলিক ৰূপভেদগুলিৰ উল্লেখ কৰে আদৰ্শ অসমীয়াৰ ভাষাতাত্ত্বিক বৈশিষ্ট্যগুলি লেখো।

২০। বাংলা লিপিৰ বিকাশৰ ধাৰাটিৰ পূৰ্বাৰ আলোচনা কৰো।
